গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

**সভার কার্যবিবরণী ১৯ মার্চ ২০২৪**

| | |
|---|---|
| সভাপতি | আবু তাহের মোঃ মাসুদ রানা<br>মহাপরিচালক |
| সভার তারিখ | **১৮ মার্চ ২০২৪** |
| সভার সময় | **সকাল ১১.০০ ঘটিকা** |
| স্থান | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনস্টিটিউটের সকল শাখার সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত হন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত বিষয়সমূহে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ফেব্রুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিববরণী সভায় পাঠ করা হয়। কার্যবিববরণী কোন সংযোজন/ সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনে সংযোজন/সংশোধন না থাকায় সভার বিববরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | - |
| ০২ | কোর্স-কো-অডির্নেটর কর্তৃক দাখিলকৃত সমাপ্ত প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) সদ্য সমাপ্ত কর্মকর্তাদের বুনিয়াদি, ডিপ্লোমা কোর্স-৩টি ও স্বল্প মেয়াদি-৩টি কোর্স কো-অর্ডিনেটর কর্তৃক প্রশিক্ষণ প্রতিবেদন ৩(তিন) কর্মদিবসের মধ্যে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে।<br><br>খ) প্রাপ্ত প্রতিবেদনের সারসংক্ষেপ প্রস্তুত করত পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে। | কোর্স কো-অর্ডিনেটর (সংশ্লিষ্ট সকল)<br><br>উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) |
| ০৩ | https://shniyd.nise.gov.bd ওয়েব সাইটে প্রশিক্ষণার্থীদের তথ্য আপডেট বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) ইনস্টিটিউট প্রশিক্ষণপ্রাপ্তদের তথ্য সংশ্লিষ্ট (shniyd.nise.gov.bd) ওয়েবসাইটে হালনাগাদ অব্যহত রাখতে হবে।<br>খ) সমাপ্ত কোর্সের প্রশিক্ষণপ্রাপ্তদের NID সহ যাবতীয় তথ্য ডাটাবেসে অন্তর্ভূক্তির ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিমাসে ৩ তারিখের মধ্যে অগ্রগতির তথ্য দাখিল করতে হবে। | প্রভাষক (আইসিটি) ও টেকনিক্যাল টিম |
| ০৪ | **ডি-নথির বিষয়ে সভায় আলোচনা করা হয়।** | ক. প্রাপ্ত সকল ডাক ডি-নথি সিস্টেমে উপস্থাপন ও নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. ডি-নথির সংক্রান্ত সকল সমস্যা(মোবাইলে নোর্টিফিকেশন) সমাধানের জন্য a2i এর সাথে যোগাযোগপূর্বক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৫ | ২৬ মার্চ ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক. ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ **যথাযথ মর্যাদায় পালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।** | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

<table>
<tr>
<td>০৬</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বিষয়সমূহ যথাযথাভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত বিষয়সমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সম্পন্ন করতে হবে।
<table>
<tr><th>নং</th><th>বিবরণ</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১</td><td>২ সপ্তাহ থেকে ১২ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ</td><td>১২৫০ জন</td><td>৬৫১জন<br>৫২.০৮%</td></tr>
<tr><td>২</td><td>গবেষণা সম্পাদন</td><td>৩০.০৫.২৪</td><td>চলমান</td></tr>
<tr><td>৩</td><td>ডিপ্লোমা কোর্স:<br>বিজ্ঞপ্তি প্রকাশ-<br>শিক্ষার্থী ভর্তি-<br>কোর্স সম্পাদন-</td><td>-<br>২০.০৮.২৩<br>২০.০৯.২৩<br>২০.০৩.২৪</td><td>-<br>বাস্তবায়িত<br>বাস্তবায়িত<br>বাস্তবায়িত</td></tr>
<tr><td>৪</td><td>যুব মতবিনিময়</td><td>চলতি অর্থ বছরের মধ্যে তারিখ নির্ধারণ ও আয়োজন</td><td>এপ্রিল ২০২৪ মাসে আয়োজন করা হবে</td></tr>
<tr><td>৫</td><td>যুব সমাবেশ</td><td>ঐ</td><td>৭মার্চ তারিখে বাস্তবায়িত</td></tr>
<tr><td>৬</td><td>কর্মশালা</td><td>ঐ</td><td>-</td></tr>
</table></td>
<td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>তথ্য অধিকার: তথ্য অধিকার আইন ও সংশ্লিষ্ট বিষয়সমূহে সভায় আলোচনা করা হয়।</td>
<td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবেঃ
<table>
<tr><th>নং</th><th>বিবরণ</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১</td><td>তথ্য অধিকার আইন অনুসারে নিষ্পত্তি</td><td>২০ কার্যদিবস</td><td>-</td></tr>
<tr><td>২</td><td>স্বত:প্রণোদিত ভাবে প্রকাশ যোগ্য তথ্যের তালিকা প্রকাশ</td><td>০১ ডিসে: হতে ৩১ ডিসে: ২০২৩ এর মধ্যে</td><td>৩১-১২-২০২৩ তারিখ প্রকাশিত</td></tr>
<tr><td>৩</td><td>স্বত:প্রণোদিত ভাবে প্রকাশ যোগ্য তথ্যের তালিকা প্রকাশ</td><td>০১ মে হতে ৩১ মে ২০২৪ এর মধ্যে</td><td>-</td></tr>
<tr><td>৪</td><td>বার্ষিক প্রতিবেদন</td><td>১৫-১০ ২০২৩ তারিখ এর মধ্যে</td><td>প্রকাশিত</td></tr>
<tr><td>৫</td><td>তথ্য অধিকার আইন বিষয়ক সচেতনতা বৃদ্ধি কার্যক্রম</td><td>সেপ্টেম্বর ২০২৩ মাসে ১টি<br>অক্টোবর ২০২৩ মাসে ১টি<br>ফেব্রুয়ারী ২০২৪ মাসে ১টি</td><td>২টি<br>বাস্তবায়িত</td></tr>
<tr><td>৬</td><td>তথ্য অধিকার আইন বিষয়ক সচেতনতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন (কর্মকর্তা/ কর্মচারীদের) ০২টি</td><td>সেপ্টেম্বর ২০২৩ মাসে ১টি<br>অক্টোবর ২০২৩ মাসে ১টি</td><td>সেপ্টে: ২৩মাসে ১টি<br>অক্টোবর মাসে<br>১টি বাস্তবায়িত</td></tr>
</table></td>
<td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td>
</tr>
</table>

<table>
<tr><td>০৮</td><td>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা: অভিযোগ প্রতিকার বাস্তবায়নে সংশ্লিষ্ট নির্দেশাবলি নিয়ে সভায় আলোচনা করা হয়</td><td>১। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং ত্রৈমাসিক ভিত্তিতে এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে হালনাগাদকরণ নিশ্চিত করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>০৯</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও কর্মপরিকল্পনার ১.৫ অনুসারে টিওএন্ডভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ ও নথি বিনষ্টকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ বাস্তবায়নে আগামী এপ্রিল ২০২৪ এর মধ্যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের সকল নথি শ্রেণিকরণ ও বিনষ্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। টিওএন্ডডিভুক্ত অকেজো মালামাল নিস্পত্তি করণ বিষয়ে ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহ:পরিচালক (প্রশাসন/অর্থ/ প্রশিক্ষণ)</td></tr>
<tr><td>১০</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল: জাতীয় শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট বিষয়সমূহে সভায় আলোচনা করা হয়</td><td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত বিষয়সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।
<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১</td><td>নৈতিকতা কমিটির সভা</td><td>৪টি</td><td>২৫-০৭-২০২৩ ১ম সভা ও ১৯-১১-২০২৩ তারিখ ২য় সভা এবং ১৮-০১-২০২৪ তারিখ ৩য় সভা অনুষ্ঠিত হয়।</td></tr>
<tr><td>২</td><td>অংশীজনের সভা</td><td>২টি (২য় ও ৩য় কোয়ার্টার)</td><td>২৩অক্টোবর ২০২৩ (১ম সভা )ও ১৭ জানুয়ারি ২০২৪ তারিখ (২য় সভা) বাস্তবায়িত</td></tr>
<tr><td>৩</td><td>শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন</td><td>২টি (২য় ও ৩য় কোয়ার্টার)</td><td>২৬ অক্টোবর ২০২৩ তারিখ ২য় কোর্যাটার ও ১৭ জানুয়ারি ২০২৪ তারিখ ৩য় কোয়ার্টার বাস্তবায়িত</td></tr>
<tr><td>৪</td><td>কর্মপরিবেশ উন্নয়ন সভা</td><td>৩১.১০.২৩<br>৩১.০১.২৪</td><td>২২-৮-২৩ তারিখ এবং ৩১.০১.২০২৪ তারিখ আয়োজিত</td></tr>
<tr><td>৫</td><td>বার্ষিক ক্রয় পরিকল্পনা</td><td>৩১-০৭-২৩</td><td>৩১-০৭-২৩ বাস্তবায়িত</td></tr>
<tr><td>৬</td><td>ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত</td><td>১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-১০০%</td><td>১ম কোয়ার্টার-১৫% ও ২য় কোর্য়াটারে ৫১.২৪% (অবমুক্তির) ৩য় কোয়ার্টার চলমান</td></tr>
<tr><td>৭</td><td>বাজেট বাস্তবায়ন</td><td>১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-১০০%</td><td>১ম কোয়ার্টার ১৫%ও ২য় কোর্য়াটারে ৫১.২৪% (অবমুক্তির) ৩য় কোয়ার্টার চলমান</td></tr>
<tr><td>৮</td><td>অনলাইনে ভর্তি আবেদন</td><td>১০০%</td><td>১০০%</td></tr>
</table></td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>১১</td><td>সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)</td><td>ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি(সিটিজেন চার্টার) সংক্রান্ত তথ্য সেবা বক্সে আপলোড করতে হবে। প্রয়োজনীয় সংখ্যক সভা/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
</table>

<table>
<tr>
<td>১২</td>
<td>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম:<br>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রমের সকল বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত প্রতিটি বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।
<table>
<tr><th>কর্মসম্পাদন সূচক</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>[১.১.১]সেবা সহজীকৃত/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত</td><td>৪/৫/২০২৪</td><td>১, ডিপ্লোমা কোর্সে প্রশিক্ষণার্থীদের বায়োমেট্রিক পদ্ধতিতে হাজিরা গ্রহণ করা হচ্ছে।<br>২. National Intelligence for Skills, Education, Employment and Entrepreneurship (NISE) প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রশিক্ষণার্থীদের আবেদন গ্রহণ শুরু হয়েছে।</td></tr>
<tr><td>[১.২.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজীকৃত ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজ সেবাসমূহ চালু অব্যাহত রাখা</td><td>৪টি</td><td>১. গুগল ফর্মে প্রশিক্ষণার্থীদের আবেদন গ্রহণ অব্যাহত আছে<br>২. shniyd.nise.gov.bd ওয়েবসাইটে ডাটাবেজ হালনাগাদ করা হচ্ছে।<br>৩. ডাটাবেজ সেবাসমূহ অব্যাহত আছে।</td></tr>
<tr><td>[১.৩.১] ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত</td><td>৪/৫/২০২৪</td><td>একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের বিষয়টির কার্যক্রম চলমান রয়েছে (খসড়া সংযুক্ত)।</td></tr>
<tr><td>[১.৪.১] ই-ফাইলে নোট নিষ্পত্তি</td><td>৮০%</td><td>৮০%</td></tr>
<tr><td>[১.৫.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ কর্মশালা/সেমিনার/সভা আয়োজিত</td><td>১টি</td><td>১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বাস্তবায়িত</td></tr>
<tr><td>[১.৫.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রস্তুকৃত</td><td>২০/৩/২০২৪</td><td>-</td></tr>
<tr><td>[২.১.১] নিজ তথ্য বাতায়ন হালনাগাদ</td><td>৪টি</td><td>২টি<br>তথ্য বাতায়ন হালনাগাদকৃত</td></tr>
<tr><td>[২.১.২] নিজ তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিত</td><td>৪টি</td><td>২টি<br>তথ্য বাতায়ন হালনাগাদকৃত নিশ্চিতকৃত</td></tr>
<tr><td>[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন</td><td>২টি</td><td>এপ্রিল/মে ২০২৪ মাসে সভা আয়োজন করা হবে।</td></tr>
<tr><td>[২.২.২] অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত</td><td>৩১/১/২০২৪</td><td>প্রেরিত</td></tr>
<tr><td>[২.২.৩] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত</td><td>২৮/২/২০২৪</td><td>ভূমি সেবা ও সহায়তা কেন্দ্র, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন তেজগাঁও পরিদর্শন করা হবে।</td></tr>
</table>
</td>
<td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>প্রকাশনা শাখার কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>ক) খসড়া প্রকাশনা প্রণয়ন কমিটির মাধ্যমে খসড়া প্রণয়নপূর্বক প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুবনারীদের সাফল্যগাঁথার গল্প সম্বলিত সাময়িকী মূদ্রণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৪ | নুতন পদ সৃজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের চাহিদা বিবেচনায় নিয়ে আগামী ৭ কর্ম-দিবসের মধ্যে পদ সৃজনের প্রস্তাব প্রণয়ন করতে হবে। | পরিচালক |
| ১৫ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৬ | কর্মপরিবেশ কমিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। | কর্মপরিবেশ কমিটির সভার সিদ্ধান্ত সমূহ যথাসময়ে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৭ | ১২/১১/২০২৪ তারিখ অনুষ্ঠিত নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। | ১২/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গবেষণা ও প্রশিক্ষণ নীতিমালা ও বিধিমালা প্রণয়ন এবং অন্যান্য সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৮ | যুব মতবিনিময় ২০২৪ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) যুব মতবিনিময় কর্মসূচি আগামী এপ্রিল/ মে ২০২৪ মাসে আয়োজনের জন্য কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৯ | দাপ্তিরিক সকল চিঠিপত্রে Nikosh ফ্রন্ট ব্যবহার নিয়ে সভায় আলোচনা করা হয়। | দাপ্তিরিক সকল নোট ও চিঠিপত্রে Nikosh ফ্রন্ট ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২০ | সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির হার নিয়ে সভায় আলোচনা করা হয়। | গত সমন্বয় সভার কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ৯৭%। প্রতি সভার বিষয়টি আলোচ্য সূচীভুক্ত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২১ | প্রশিক্ষণ সমন্বয় বিলকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয় | কোর্স সমাপ্তির তিন কর্ম দিবসের মধ্যে সমন্বয় বিল দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর |
| ২২ | প্রশিক্ষণ পাঠক্রম বিষয়ে সভায় আলোচনা করা হয়। | NSDA এর প্রশিক্ষণ পাঠক্রমের আলোকে ৭ কর্ম দিবসের মধ্যে পাঠ্যক্রম উপস্থাপন করতে হবে। | ১। প্রভাষক (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট)<br>২। প্রভাষক, ফ্যাশন ডিজাইনিং<br>৩। প্রভাষক, আইসিটি<br>৪। ইন্সট্রাক্টর (ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন) |
| ২৩ | কর্মকর্তা/কর্মচারীদের ছুটির বিষয়ে আলোচনা করা হয় | ছুটি গ্রহণের ক্ষেত্রে কর্মকর্তা কর্মচারীগণের আবেদন দাখিলপূর্বক কর্মস্থল ত্যাগ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২৪ | ইনস্টিটিউটের শূণ্যপদসমূহে নিয়োগের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের শূণ্যপদ সমূহে নিয়োগের ছাড়পত্রের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২৫ | ওয়েব সাইটে সকল তথ্য আপলোডের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতি মাসের ৩ তারিখে ওয়েব সাইটে সকল তথ্য হালনাগাদ রয়েছে কিনা পরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | জনাব মো: আলমগীর কবির (সহকারী পরিচালক) |
| ২৬ | ফেব্রুয়ারি ২০২৪ মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) ফেব্রুয়ারি ২০২৪ মাসে ৩য় শ্রেণীর কর্মচারী জনাব মো: হাসিকুল ইসলাম, সহকারী লাইব্রেরিয়ান ও ৪র্থ শ্রেণীর কর্মচারী জনাব মো: রাব্বি মিয়া, অফিস সহায়ককে শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে নির্বাচন করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২২-০৩-২০২৪
আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
০২২২৪৪২৬০৩০
abutaher074@hotmail.com

৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:
২২ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০১.২৩.১৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;
২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;
৩। উপ পরিচালক (প্রশাসন ও অর্থ), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;
৪। উপ পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এবং
৫। জনাব................, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

২২-০৩-২০২৪
আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক